

💵 যাকাত ও সাওম বিষয়ক দু'টি পুস্তিকা

বিভাগ/অধ্যায়ঃ যারা যাকাত খাওয়ার উপযুক্ত রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

যারা যাকাত খাওয়ার উপযুক্ত

যাকাত আল্লাহর হক, সুতরাং যে যাকাত খাওয়া উপযুক্ত নয়। যাকাতের মাল দিয়ে তাকে সহানুভূতি দেখানোর কোনো অবকাশ নেই এবং যাকাতের মাল নিজের কোনো উপকারে বা ক্ষতি থেকে বাঁচা, সম্পদ রক্ষা এবং দুর্নাম গোছানোর জন্য ব্যবহার করার কোনো সুযোগ নেই। বরং একজন মুসলিমের ওপর ওয়াজিব হলো, যাকাতের মাল তার প্রকৃত পাওনাদারকে নিঃস্বার্থভাবে খুশি মনে আল্লাহকে রাজি খুশি করা উদ্দেশ্যে পৌঁছে দেওয়া, যাতে সে দায় মুক্ত হয় এবং অধিক সাওয়াবের অধিকারী হয়। আল্লাহ তা'আলা কুরআনে কারীমে যাকাতের বিভিন্ন শ্রেণির পাওনাদারদের বিষয়টি সু-স্পষ্ট করেছেন। আল্লাহ তা'আলা বলেছেন,

﴿إِنَّمَا ٱلصَّدَقَٰتُ لِلاَّفُقَرَآءِ وَٱلاَّمَسِٰكِينِ وَٱلاَّعِٰمِلِينَ عَلَيآهَا وَٱلاَّمُوَّلَفَةِ قُلُوبُهُماۤ وَفِي ٱلرِّقَابِ وَٱلاَّغْرِمِينَ وَفِي سَبِيل ٱللَّهِ وَٱباَن ٱلسَّبِيل اَ لَلَّهِ وَٱبان ٱلسَّبِيل اَللَّهِ وَٱبان ٱلسَّبِيل اَللَّهِ وَٱبان السَّبِيل اللَّهِ وَٱبان السَّبِيل اللَّهِ وَٱبان السَّبِيل اللهِ وَاللهُ عَلِيمٌ حَكِيماً ١٠﴾

"নিশ্চয় সাদাকাহ হচ্ছে ফকীর ও মিসকীনদের জন্য এবং এতে নিয়োজিত কর্মচারীদের জন্য, আর যাদের অন্তর আকৃষ্ট করতে হয় তাদের জন্য; (তা বন্টন করা যায়) দাস আযাদ করার ক্ষেত্রে, ঋণগ্রস্তদের মধ্যে, আল্লাহর রাস্তায় এবং মুসাফিরদের মধ্যে। এটি আল্লাহর পক্ষ থেকে নির্ধারিত, আর আল্লাহ মহাজ্ঞানী, প্রজ্ঞাময়"। [সূরা আত-তাওবাহ, আয়ত: ৬০]

আল্লাহর দু'টি মহান নাম দ্বারা আয়াতটি শেষ করা দ্বারা স্বীয় বান্দাদের জন্য আল্লাহর পক্ষ থেকে এ কথার প্রতি ইঙ্গিত করা হয়েছে যে, আল্লাহ তা'আলা তার স্বীয় বান্দাদের অবস্থা এবং তাদের মধ্যে যারা সাদাকাহ খাওয়ার উপযুক্ত আর যারা উপযুক্ত নয় তাদের সম্পর্কে সম্যক অবগত রয়েছেন এবং তিনি তার শরী'আত ও পরিমাণ নির্ধারণ বিষয়ে প্রজ্ঞাবান। ফলে তিনি সবকিছুই যথাযথ উপযুক্ত স্থানে প্রয়োগ করেন। যদিও অধিকাংশ মানুষের নিকট তার হিকমতের অনেক রহস্যই অজ্ঞাত; যাতে বান্দাগণ তার শরী'আতের প্রতি সম্ভুষ্ট থাকে এবং তার হুকুমের প্রতি অনুগত থাকে।

আল্লাহর প্রতি আমাদের কামনা, যেন তিনি আমাদের ও মুসলিমদের তার দীন বুঝার তাওফীক দেন, তার সাথে মু'আমালায় সততা দান করেন এবং তার সন্তুষ্টি অর্জনের প্রতি দ্রুত অগ্রসর হওয়ার তাওফীক দেন। আর আল্লাহর কাছে আমাদের আরও কামনা যে, তিনি যেন আমাদের তার ক্ষোভের কারণসমূহ থেকে রক্ষা করেন। নিশ্চয় তিনি সর্বশ্রোতা ও বান্দাদের অতি নিকটে। সালাত ও সালাম নাযিল হোক তার বান্দা ও রাসূল মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর ওপর ও তার পরিবারবর্গ এবং সাথী-সঙ্গীদের ওপর।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9671

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন